

## বিস্তারিত নিয়োগ বিজ্ঞপ্তি



**বিয়াম ফাউন্ডেশন**

৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।

### নিয়োগ বিজ্ঞপ্তি

বিয়াম ফাউন্ডেশন পরিচালিত স্কুলসমূহের মধ্যে বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা এর জন্য নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল
মাধ্যমিক শাখাঃ সহকারী শিক্ষক (ইংরেজি)	০১ জন	অনূর্ধ্ব ৩৫	(১) এসএসসি, এইচএসসিতে/সমমান কমপক্ষে জিপিএ ২.০০/২য় বিভাগ এবং ইংরেজিতে কমপক্ষে ২য় শ্রেণির/সিজিপিএ ২.২৫ সহ অনার্স অথবা ইংরেজিসহ ২য় শ্রেণির/ সিজিপিএ ২.২৫ সহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/সমমান	১২৫০০-৩০২৩০/- বি.এড ব্যতীত ১৬০০০-৩৮৬৪০/- বি.এড সহ
মাধ্যমিক শাখাঃ সহকারী শিক্ষক (গণিত)	০২ জন	অনূর্ধ্ব ৩৫	(১) এসএসসি, এইচএসসিতে/সমমান কমপক্ষে জিপিএ ২.০০/২য় বিভাগ এবং গণিতে কমপক্ষে ২য় শ্রেণির/সিজিপিএ ২.২৫ সহ অনার্স অথবা গণিতসহ ২য় শ্রেণির/ সিজিপিএ ২.২৫ সহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/সমমান	১২৫০০-৩০২৩০/- বি.এড ব্যতীত ১৬০০০-৩৮৬৪০/- বি.এড সহ
মাধ্যমিক শাখাঃ সহকারী শিক্ষক (আইসিটি)	০১ জন	অনূর্ধ্ব ৩৫	(১) এসএসসি, এইচএসসিতে/সমমান কমপক্ষে জিপিএ ২.০০ / ২য় বিভাগ এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিজিপিএ ২.২৫ / ২য় শ্রেণির স্নাতক/সমমান ডিগ্রিসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ৬(ছয়) মাসের প্রশিক্ষণপ্রাপ্ত অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৪(চার) বছর মেয়াদী জিপিএ ২.০০ / ২য় শ্রেণির ডিপ্লোমা-ইন কম্পিউটার সায়েন্স, কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ সিজিপিএ ২.২৫ / দ্বিতীয় শ্রেণি স্নাতক/সমমান	১২৫০০-৩০২৩০/-
প্রদর্শক (রসায়ন)	০১ জন	অনূর্ধ্ব ৩৫	এসএসসি, এইচএসসিতে/সমমান কমপক্ষে জিপিএ ২.০০ / দ্বিতীয় বিভাগ এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নে কমপক্ষে সিজিপিএ ২.২৫/ ২য় শ্রেণির স্নাতক/সমমান	১৬০০০-৩৮৬৪০/-
কম্পিউটার অপারেটর	০১ জন	অনূর্ধ্ব ৩০	এসএসসি, এইচএসসিতে কমপক্ষে জিপিএ ২.০০ / দ্বিতীয় বিভাগসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ৬(ছয়) মাসের প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার অপারেটিং এ দক্ষতা থাকতে হবে।	১১০০০- ২৬৫৯০/-

\* আবেদনকারীর বয়স ০১.০১.২০১৮ খ্রিঃ তারিখে শিক্ষকের জন্য অনূর্ধ্ব ৩৫ বছর এবং কর্মচারীর জন্য ৩০ বছর হতে হবে।

আগ্রহী প্রার্থীগণকে মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা বরাবরে আগামী ০৮.০৩.২০১৮ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে অবশ্যই জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি এবং মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০ এর বরাবরে সোনালী ব্যাংক, মগবাজার শাখা, ঢাকার অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক-ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।

আবেদনপত্রে এবং খামের উপরে অবশ্যই শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও প্রার্থী পদের নাম উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদন বাতিল গণ্য হবে।

পরিচালক (শিক্ষা)  
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

ওয়েবসাইটে প্রচারের জন্য এবং

বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ এর দপ্তর হতে বিতরণের জন্য।